গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

শাল্লা উপজেলার পরিষদের জুলাই-২০২১ এর সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান

সভার তারিখ: ২২/০৭/২০২১ খ্রি:

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের যে সকল স্থায়ী কমিটির সভাগুলো করা হয়নি সে সমস্ত স্থায়ী কমিটি সভা করে আগামী সাধারণ সভার পূর্বে কার্যবিবরণী দেওয়ার জন্য সকল বিভাগীয় প্রধানগণকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।<br><br>সিদ্ধান্ত: উপজেলা কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ, প্রতিবেদন ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, তাদের বিভাগীয় কাযক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, উপজেলা হাসপাতালে ডায়বেটিস পরীক্ষার ব্যবস্থা আছে। বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>সিদ্ধান্ত: ডায়বেটিস রোগী যারা তারা নিয়মিত হাসপাতালে এসে ডায়বেটিস পরীক্ষা করা সহ বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা। |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মান করার জন্য স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২ (অংশ-১)-২৭২ তারিখ ২৯ মার্চ ২০২১ মূলে আনসার সদর দপ্তর থেকে প্রাপ্ত অনুমোদিত লেআউট প্ল্যান অনুযায়ী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর থেকে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার প্রাক্কলন পাওয়া যায়। প্রাক্কলন অনুযায়ী রাজস্ব তহবিল হতে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মানের নির্দেশনা রয়েছে। শাল্লা উপজেলা প্রত্যন্ত এবং হাওর বেষ্টিত হওয়ায় উক্ত উপজেলার রাজস্ব তহবিলে উল্লেখিত ব্যারাক নির্মাণের জন্য টাকা না থাকায় ১৭ নভেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬. ৪৮৭.২০১২ (অংশ-১)-৯১৯ নং স্মারক পত্রের "খ" নং অনুচ্ছেদে উল্লেখিত শুধুমাত্র উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ঘাটতি থাকলে স্থানীয় সরকার বিভাগে উপজেলা নির্বাহী অফিসারগণ আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের চাহিদা প্রেরণ করার নির্দেশনা রয়েছে।<br><br>সিদ্ধান্ত: শাল্লা উপজেলা প্রত্যন্ত এবং হাওর বেষ্টিত হওয়ায় উক্ত উপজেলার রাজস্ব | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | তহবিলে উল্লেখিত ব্যারাক নির্মাণের জন্য প্রয়োজনীয় টাকা না থাকায় ১৭ নভেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২ (অংশ-১)-৯১৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক চাহিদা পত্র প্রস্তুত করে প্রাক্কলনে অনুমোদিত টাকা বরাদ্দ প্রদানের অনুমোদন প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি আরো জানান যে,গরু ও হাসমুরগীর ভ্যাকসিন চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কার্যক্রম আরো ভালভাবে করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা। |
| | উপজেলা কৃষি অফিস: উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, সরবরাজের প্রনোদনা বাবদ শাল্লা উপজেলায় ১৩০ জন কৃষকের মাঝে বিনামুলে সারও বীজ বরাদ্দ পাওয়া গেছে। পুর্নবাসন বাবত ১১২ জন কৃষকের মাঝে প্রত্যেকে ৫ কেজি করে বীজ বরাদ্দ পাওয়া গেছে। রুপা আমনের বীজতলা কার্যক্রম চলমান।<br><br>সিদ্ধান্ত: বরাদ্দ অনুযায়ী তালিকা তৈরী করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা। |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা শিক্ষা অফিসার জানান যে, করোনা কালীন পাঠদান বন্ধ থাকলেও Google Meet wark sheet সরাসরি বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ঘরে বসে শিক্ষার কাযক্রম চলমান আছে । বাংলাদেশ বেতারের মাধ্যমে পাঠদান কার্যক্রম চালু আছে । এ ব্যাপারে সকল অভিভাবকদেরকে সচেতন হওয়ার আহ্বান জানানো হয়।<br><br>সিদ্ধান্ত: প্রত্যেক অভিভাবক যাতে তাদের শিশুদের পাঠদানে মনোযোগী হয় এবং বাংলাদেশ টেলিভিশন ও বেতারের অনুষ্ঠানগুলোর মাধ্যমে প্রচারিত পাঠদান কাযক্রম দেখা ও শুনার জন্য সকল ছাত্র/ছাত্রীদেরকে মনোনিবেশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা। |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জনাব মো: আবু তাহের মিয়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কাযক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কার্যক্রম আরো ভালভাবে করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস কর্মকর্তা জানান যে,তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত: তার বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা। |
| | উপজেলা সমাজ সেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অগ্রাধিকার মূলক খাতের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা ২০২০-২০২১ অর্থ বছরে শতভাগ উন্নতি করার জন্য উদ্বোগ নেওয়া হয়েছে তন্মমধ্যে শাল্লা উপজেলাও আছে। আবেদন করার বিষয়ে প্রচারের ব্যবস্থা গ্রহন করা আবশ্যক।<br><br>সিদ্ধান্ত: ২০২০-২০২১ অর্থ বছরে ৩০ আগষ্ট পর্যন্ত সকল ভাতাভোগীকে অনলাইনে আবেদন নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা। |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর কাবিটা ইজিপিপির সকল কাজ সু-সম্পন্ন হয়েছে। তাছাড়া বন্যা এবং কোভিড-১৯ এর জন্য বরাদ্দ প্রাপ্ত নগদ অর্থ ইউনিয়ন পরিষদের মাধ্যমে বিতরণ কাজ সঠিক ভাবে চলমান আছে। | এলজিইডি ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,শাল্লা। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: কোভিড-১৯ এর জন্য বরাদ্দ প্রাপ্ত নগদ অর্থ ইউনিয়ন পরিষদের মাধ্যমে বিতরণ সঠিক ভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা খাদ্য বিভাগ: অনুপস্থিত থাকায় বিভাগীয় কাযক্রম সম্পর্কে জানা যায় নি।<br><br>সিদ্ধান্ত: সাধারণ সভায় নিয়মিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,তার বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত : তার বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | জনস্বাথ্য প্রকৌশল বিভাগ: জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, নতুন অফিসের ভবন নির্মানের জন্য জেলা নির্বাহী প্রকৌশল বরাবর আবেদন প্রেরণ করা হয়। তিনি এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগীতা কামনা করেন।<br><br>সিদ্ধান্ত: জনস্বাস্থ্য প্রকৌশলীকে জেলা অফিসের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখার জন্য সভার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.১৯- ৮৫

তারিখ: ২২ জুলাই ২০২১ খ্রি:
০৭ শ্রাবণ ১৪২৮ বাংলা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। ড.জয়াসেন গুপ্তা, জাতীয় সংসদ সদস্য, দিরাই-শাল্লা-২।
০৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
০৬। অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৭। দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৮। উপজেলা --------------------------------অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সকল, শাল্লা, সুনামগঞ্জ।
১০। জনাব ----------------------------------- সদস্য

(মো:আল-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।